# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 04.04.24** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সন্দেশখালির নারী নির্যাতনকারী এবং লুটেরাদের বাকি জীবন জেলেই কাটাতে হবে বলে প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোচবিহারে জনসভায় মন্তব্য করেছেন।

এদিকে, ইডি সিবিআই-এর মত কেন্দ্রীয় এজেন্সিগুলিকে সঙ্গে নিয়ে বিজেপি নির্বাচনে জয়লাভ করতে চাইছে বলে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পাল্টা দাবি করেছেন।

২) লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণের জন্য মনোনয়ন জমা দেবার সময়সীমা আজ শেষ হয়েছে। প্রথম দফার নির্বাচনে আগামীকলা শুরু হচ্ছে বিশেষ ক্ষেত্রে বাড়িতে বসে ভোট দেওয়ার পর্ব।

৩) নির্বাচন কমিশন কলকাতা পুলিশের দক্ষিণ পশ্চিম ডিভিশনের বিভাগীয় পুলিশ কমিশনার – ডিসিপি হিসাবে রাহুল দে-র নাম অনুমোদন করেছে।

৪) বিজেপি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে প্রধানমন্ত্রী সম্পর্কে অবমাননকার মন্তব্য করার করেছে।

৫) দক্ষিণবঙ্গে আগামী শনিবার পর্যন্ত অস্বস্তিকর গরম ও তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

---

সন্দেশখালির নারী নির্যাতনকারী এবং লুটেরাদের বাকি জীবন জেলেই কাটাতে হবে বলে প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। এরাজ্যে প্রথম নির্বাচনী প্রচারে এসে আজ কোচবিহারের রাস মেলা ময়দানে এক জনসভায় তিনি বলেন,

বাইট

রাজ্য সরকার ও তৃণমূল কংগ্রেসের সমালোচনা করে শ্রী মোদী বলেন, দেশ এখন এগিয়ে চলেছে, রূপায়িত হচ্ছে বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প। কিন্তু এরাজ্যে আয়ুষ্মান ভারত সহ কেন্দ্রের বিভিন্ন প্রকল্প তৃণমূল সরকার কার্যকর করতে দেয়নি। যেভাবে সাধারণ গরীব মানুষের কষ্টার্জিত অর্থ পশ্চিমবঙ্গে শাসকদল আত্মসাৎ করেছে তার ফল তাদরেই ভুগতে হবে।

কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক ও আলিপুরদুয়ারের মনোজ টিগ্গার সমর্থনে ঐ প্রচার সভায় প্রধানমন্ত্রী বলেন, ১৪ কোটি মানুষের স্বপ্ন পূরণ করাই তাঁর সরকারের সংকল্প। গত ১০ বছরে কেন্দ্রে বিজেপি সরকার ৩২ কোটি মানুষকে দারিদ্র মুক্ত করেছে। দিল্লীতে আগামী দিনেও কোনো দুর্বল সরকার নয়, মজবুত সরকারেরই প্রয়োজন বলে শ্রী মোদী স্পষ্ট জানান।

প্রধানমন্ত্রী আগামী রবিবার দার্জিলিং ও জলপাইগুড়ি কেন্দ্রের দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে আসবেন বলে জানা গেছে।

এদিকে, প্রধানমন্ত্রীর উত্তরবঙ্গ সফরের দিনেই কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় ভোটের প্রচারে বিজেপি-কে তীব্র আক্রমণ করলেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। কোচবিহার কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জগদীশ বর্মা বসুনিয়ার সমর্থনে প্রচার করার পর তিনি জলপাইগুড়ির মালে, নির্মলচন্দ্র রায়ের হয়ে প্রচারসভা করেন।

কেন্দ্রে বিজেপি সরকারের সমালোচনা করে মমতা বলেন, ঐ দলের নেতারা বিএসএফ সিআইএসএফ-এর মত জওয়ানদের সঙ্গে নিয়ে ঘুরে বেড়াচ্ছে। ইডি সিবিআই-এর মত কেন্দ্রীয় এজেন্সিগুলিকে সঙ্গে নিয়ে তারা নির্বাচনে জয়লাভ করতে চাইছে।

বাইট

ইডির উদ্ধার করা সমস্ত টাকা বিজেপির ফান্ডে চলে গেছে বলেও মমতা দাবি করেন।

এর আগে মাথাভাঙার গুমানিহাটের জনসভায় তিনি, শীতলকুচিতে কেন্দ্রীয় বাহিনীর গুলিতে মৃত্যুর ঘটনার উল্লেখ করে তৎকালীন জেলা পুলিশ কর্তার এবার বীরভূমে বিজেপি প্রার্থী হওয়া নিয়েও প্রশ্ন তোলেন।

যুযুধান দুটি দলের সর্বোচ্চ নেতা-নেত্রীর মুখে CAA নিয়ে চাপানউতোর শোনা যায়।

প্রধানমন্ত্রী বলেন, CAA নিয়ে মানুষকে ভুল বোঝানো হচ্ছে।

অন্যদিকে মুখ্যমন্ত্রীর দাবি, এরাজ্যে CAA এবং NRC তিনি কোনমতেই হতে দেবেন না।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও আজ মালদার হবিবপুরে এক বিজয় সংকল্প যাত্রায় যোগ দেন। রাজ্যের শাসকদলের সমালোচনা করে তিনি বলেন, ঐ দলে পরিবারতান্ত্রিক রাজনীতি চলেছে। দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তোলেন শুভেন্দু। কেন্দ্র আবাস যোজনা প্রকল্পে প্রধানমন্ত্রী ৪৫ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে বললেও প্রকৃত গরীব মানুষ এই টাকা পাননি বলে শুভেন্দু অভিযোগ করেন,

বাইট

---------------------

সিপিআইএম-এর নির্বাচনী ইস্তেহার আজ প্রকাশিত হয়েছে। নতুন দিল্লীতে দলের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি ও পলিটব্যুরো সদস্য প্রকাশ কারাত, বৃন্দা কারাত, নিলোৎপল বসু এবং তপন সেন এই ইস্তেহার প্রকাশ করেন। এতে সুপার রিচ বা অতি ধনীদের ওপর কর আরোপ, সম্পত্তি কর নিয়ে আইন, বেসরকারি ক্ষেত্রে সংরক্ষণ, নির্বাচনে সরকারি অর্থের ব্যবহার এবং রাজনৈতিক দলগুলির জন্য কর্পোরেট অনুদান নিষিদ্ধ করার মত বিভিন্ন প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

(ইস্তেহার প্রকাশের পর এক সাংবাদিক সম্মেলনে সীতারাম ইয়েচুরি বলেন, ধর্মনিরপেক্ষ ও গণতান্ত্রিক ভারত আজ অস্তিত্বের সংকটের মুখে। তাদের দল সেই গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাকেই রক্ষা করতে বদ্ধপরিকর।

---------------------

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণের জন্য মনোনয়ন জমা দেবার সময়সীমা আজ শেষ হয়েছে। এই দফায় এ রাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট এই তিনটি আসনে ভোট নেওয়া হবে ২৬শে এপ্রিল। জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে আগামীকাল। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৮ই এপ্রিল।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, দ্বিতীয় দফার জন্য গতকাল পর্যন্ত ৩৪ জন প্রার্থীপদ দাখিল করেন। এর মধ্যে রায়গঞ্জ লোকসভা কেন্দ্রে মনোনয়ন পত্র জমা দিয়েছেন ১৫ জন।

বালুরঘাটে প্রার্থীপদ পেশ করেছেন ৮ জন।

---------------------

প্রথম দফার লোকসভা নির্বাচনে আগামীকাল ৫-ই এপ্রিল শুরু হচ্ছে বিশেষ ক্ষেত্রে বাড়িতে বসে ভোট দেওয়ার পর্ব। ১৪ এপ্রিল পর্যন্ত কেন্দ্রীয় বাহিনীর উপস্থিতিতে ব্যালটে চলবে এই 'হোম ভোটিং'। জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার এই তিন কেন্দ্র মিলিয়ে ৮৫ বছর বা তার বেশি বয়সী এবং অন্তত ৪০ শতাংশ শারীরিক প্রতিবন্ধকতা রয়েছে এমন ব্যক্তিরাই বাড়িতে বসে ভোটদানের এই সুবিধা পাবেন।

রাজ্য নির্বাচন আধিকারিকের দপ্তরের থেকে কখন তারা কার বাড়িতে যাবেন তা জানিয়ে দেওয়া হবে। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক, অরিন্দম নিয়োগী সাংবাদিকদের জানিয়েছেন,

বাইট

---------------------

নির্বাচন কমিশন কলকাতা পুলিশের দক্ষিণ পশ্চিম ডিভিশনের বিভাগীয় পুলিশ কমিশনার – ডিসিপি হিসাবে রাহুল দে-র নাম অনুমোদন করেছে। কমিশনের সচিব রাকেশ কুমারের এক প্রেস বিবৃতিতে আজ একথা জানানো হয়।

উল্লেখ্য কমিশন, এর আগে এই ডিভিশনের ডেপুটি কমিশনার পদ থেকে সৌম্য রায়কে সরিয়ে দেয়। তারপর ঐ পদের জন্য তিনজন দক্ষ অফিসারের নাম কমিশনকে পাঠাতেও বলা হয়।

---------------------

এরাজ্যের জন্যে নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক অলোক সিনহা আজ নবান্নে গিয়ে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন। তাদের মধ্যে বেশ কিছুক্ষন কথাবার্তা হয়। বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু জানানো না হলেও ভোটের

প্রশাসনিক প্রস্তুতি, সীমান্ত সুরক্ষা, গত পঞ্চায়েত নির্বাচনে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ বিভিন্ন বিষয়ে তাদের মধ্যে আলোচনা হয় বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, রাজ্যের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আগামী কাল সন্ধ্যায় কলকাতায় আসছেন। দিল্লি থেকে তিনি এ রাজ্যে আসবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

এদিকে, প্রথম দফায় নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে আগামী শনিবার দুপুর ১২ টায় কলকাতায় বিএসএফ-এর গেস্টহাউসে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের বিষয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব, স্টেট পুলিশ নোডাল অফিসার (এসপিএনও), এডিজি আনন্দ কুমার এবং সিআরপিএফ-এর এরাজ্যের আইজি তথা কেন্দ্রীয় বাহিনীর এরাজ্যের কোর্ডিনেটর বি কে শর্মাকে নিয়ে গঠিত তিন সদস্যের কমিটি বৈঠক করবে। ঐ বৈঠকে এরাজ্যে নিযুক্ত বিশেষ জেনারেল এবং পুলিশ পর্যবেক্ষক উপস্থিত থাকবেন। বৈঠকে ক্রিটিকাল ও ভালনারেবল বুথ নিয়ে আলোচনা করবেন বলে কমিশন সূত্রে জানা গেছে।

---------------------

বিজেপি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্পর্কে অবমাননাকর মন্তব্য করার অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিজেপি মহিলা মোর্চার রাজ্য সভাপতি ফাল্গুনী পাত্র জানিয়েছেন,একজন মহিলা মুখ্যমন্ত্রী হয়ে তিনি যেভাবে প্রধানমন্ত্রীর প্রতি কুরুচিকর শব্দ ব্যবহার করেছেন তাতে রাজ্যের মহিলারা লজ্জিত।

শ্রীমতি পাত্র আরও অভিযোগ করেন,হুগলির চুঁচুড়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক হুগলির বিদায়ী সাংসদ লকেট চ্যাটার্জি সম্পর্কে কদর্য ভাষা ব্যবহার করেছেন। শাসক দলের

নিচুতলার কর্মীরা মহিলাদের প্রতি যে অভব্য আচরণ করে তা এই নেতাদের ভাষায় প্রমাণিত।

---------------------

দক্ষিণবঙ্গে আগামী শনিবার পর্যন্ত অস্বস্তিকর গরম ও তাপপ্রবাহের পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের ৪ থেকে পাঁচ ডিগ্রী ওপরে।

আগামীকাল তাপপ্রবাহের সতর্কতা থাকছে, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, বীরভূম, ঝাড়গ্রাম ও দুই মেদিনীপুর জেলায়। দক্ষিণবঙ্গের বাদবাকি জেলায় ঘর্মাত্মক গরমে অস্বস্তি থাকবে।

৬ তারিখেও পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, ঝাড়গ্রাম, দক্ষিণ ২৪ পরগনা এবং দুই মেদিনীপুরে তাপপ্রবাহের সম্ভাবনা। আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রী বেশি।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের এক ডিগ্রি ওপরে, ৩৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। সকালে সর্বনিম্ন তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের তিন ডিগ্রি ওপরে, ২৭ দশমিক ৭ ডিগ্রি।

এদিকে, আবহাওয়া দপ্তর আজ সন্ধ্যায় পুরুলিয়া, বাঁকুড়ার কিছু অংশে বজ্র বিদ্যুত্ সহ হাল্কা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। সেই সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে।

---------------------

রাজ্য সরকার, জলপাইগুড়িতে সাম্প্রতিক ভয়াবহ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য দিতে চেয়ে নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছে। নবান্ন সূত্রে জানা গিয়েছে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা ,তাঁর ঐ চিঠিতে কমিশন কে জানিয়েছেন, শুধু জলপাইগুড়ির

বিভিন্ন গ্রামেই প্রায় সাড়ে পাঁচ হাজার বাড়ি কম বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। ঝড়ে বিদ্যুত দপ্তরের ও লোকসান হয়েছে এক কোটি টাকার মতো ।

কমিশন অনুমতি দিলে বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত ও হতাহতদের পরিবারগুলিকে রাজ্য সরকার ক্ষতিপূরন দেওয়ার কাজ শুরু করতে চায় বলেও চিঠি তে উল্লেখ করা হয়েছে ।

উল্লেখ্য, উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় গত রবিবারের ঘূর্ণিঝড়ে জলপাইগুড়িতে মৃত্যু হয় চার জনের, আহত হন আরও বেশ কয়েকজন।

--------------------- ---------------------